

## ঢাবির টিএসসিতে ককটেল বিস্ফোরণ, আটক ৩



আটক তিনজনকে থানায় সোপর্দ করা হয়। ছবি: সমকাল

বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশ: ১৬ নভেম্বর ২০২৩ | ০০:৩২ | আপডেট: ১৬ নভেম্বর ২০২৩ | ০০:৫১



**ঢাকা** বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। বুধবার রাত ১০টার দিকে টিএসসির স্বোপার্জিত স্বাধীনতা চত্বরে এ বিস্ফোরণ ঘটে। এ সময় হাতেনাতে তিনজনকে আটক করে পুলিশের হাতে সোপর্দ করা হয়। তারা হলেন- নূর মোহাম্মদ শিকদার (২৩), বখতিয়ার চৌধুরী শাহিন (২৭) ও রুবেল।

প্রত্যক্ষদর্শীরা জানান, নির্বাচনের তপশিল ঘোষণার খবরে ছাত্রলীগ ক্যাম্পাসে আনন্দ মিছিল ও সমাবেশ করে। সমাবেশ শেষ হওয়ার প্রায় ১ থেকে দেড় ঘণ্টা পর টিএসসির ডাসের সামনে হঠাৎ পরপর কয়েকটি শব্দ হয়। এরপর সেখান থেকে ধোঁয়ার সৃষ্টি হয়। চার থেকে পাঁচটি ককটেল বিস্ফোরণ ঘটে বলে তারা জানান। তবে এ সময় কেউ আহত হয়নি।

ঘটনার প্রত্যক্ষদর্শী ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান বলেন, ‘আমি হাকিম চত্বরে ব্যাডমিন্টন খেলছিলাম। এ সময় দুইটি বা তিনটি ককটেল বিস্ফোরণের আওয়াজ শুনি। ছুটে গিয়ে দেখি, মোটরসাইকেলে পালিয়ে যাওয়ার সময় এক দুবৃত্তকে সাধারণ শিক্ষার্থীরা আটক। পরে সন্দেহভাজন দু’জনকে ধরা হয়। পরে তাদের আইনশৃঙ্খলা বাহিনীর হাতে সোপর্দ করেছি।’

সার্বিক বিষয়ে প্রক্টর মাকসুদুর রহমান সমকালকে বলেন, টিএসসিতে সন্ধ্যায় কয়েকটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ ঘটনায় তিনজনকে আটক করে শাহবাগ থানায় দেওয়া হয়েছে।

এ বিষয়ে জানতে শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নুর মোহাম্মদকে একাধিকবার ফোন করা হলে তিনি একবার কেটে দেন। কিছু সময় পরে ফোন করা হলে তিনি আর উত্তর দেননি।